

তারিখ: 21/02/2012

“শহিদ ভগৎ সিং জন্ম শতবার্ষিকি” উদযাপন উপলক্ষে স্মারক হিসেবে ধাতু মুদ্রা জারি

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই নিম্নলিখিত মাত্রা, নকশা এবং গঠন সম্বলিত ₹5 মূল্যমানের ধাতুমুদ্রা প্রচলনে আনবে অর্থাৎ

মূল্যমান	আকৃতি এবং বাইরের ব্যাস	খাঁজের সংখ্যা	ধাতু সংগঠন
পাঁচ টাকা	বৃত্তাকার এবং সুরক্ষা কিনারা সমেত 23 মিলিমিটার		ফেরাটিক স্টেনলেস স্টিল- 83% ক্রোমিয়াম-17%

নকশা

মূল্যমান	মুখ ভাগ	পৃষ্ঠ ভাগ	সুরক্ষা কিনারা
পাঁচ টাকা	ধাতু মুদ্রার মুখভাগ দুটি অনুভূমিক রেখা দ্বারা তিনটি অংশে ভাগ করা থাকবে। বাম দিকের কেন্দ্রীয় অংশে থাকবে অশোক স্তম্ভের শীর্ষস্থ সিংহ, নীচে খোদিত নীতিবাক্য “ सत्यमेव जयते ” এবং ডান দিকের কেন্দ্রীয় অংশে থাকবে আন্তর্জাতিক অঙ্কে লিখিত মূল্যমান “ 5 ”। উপরের অংশে হিন্দিতে “भारत” শব্দ এবং ইংরাজিতে “INDIA” শব্দ থাকবে। নিচের অংশে হিন্দিতে “रुपय” এবং ইংরাজিতে “RUPEES” শব্দ থাকবে।	ধাতু মুদ্রার সামনের দিকে থাকবে “শহিদ ভগৎ সিং”-এর প্রতিকৃতি এবং বামদিকের পরিধিতে হিন্দিতে “शहीदभगत सिंह जन्मशती” শব্দ এবং ডানদিকের পরিধিতে ইংরাজিতে “SHAHEED BHAGAT SINGH BIRTH CENTENERY” শব্দ লেখা থাকবে। প্রতিকৃতির নীচে আন্তর্জাতিক অঙ্কে 1907-2007 প্রদর্শিত হবে।	মুদ্রার পরিধিতে সুরক্ষা কিনারা থাকবে। কিনারার মধ্যে শূণ্য স্থান দ্বারা পৃথক করা দুটি খণ্ডিত অংশে নকশা সমন্বিত অগভীর খাঁজ থাকবে। উক্ত নকশাতে উঁচু খোদাই করা গুটিকার সারি থাকবে এবং প্রত্যেক গুটিকার পর উঁচু করে খোদাই করা আনত রেখা থাকবে। সর্বমোট 30 টি রেখা এবং 30 টি গুটিকা থাকবে।

কয়েনেজ অ্যাক্ট, 1906 অনুযায়ী এই ধাতুমুদ্রাগুলি বৈধ টেন্ডার। এই মূল্যমানের বর্তমানে বিদ্যমান ধাতুমুদ্রাও বৈধ টেন্ডার হিসাবে চালু থাকবে।

অজিত প্রসাদ
সহকারী মহা প্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2011-2012/1338